


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
সরকারি যানবাহন অধিদপ্তর
সচিবালয় লিংক রোড, ঢাকা
www.dgt.gov.bd

সরকারি যানবাহন অধিদপ্তরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ এর কার্যক্রম ১.৫ অনুযায়ী কর্মপরিবেশ উন্নয়ন ও মহামারী করোনাকালীন স্বাস্থ্য বিধি অনুসরণের লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:

সভাপতি: বেগম নাগিস পারভীন, উপ সচিব (সংযুক্ত)
সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা।
সভার তারিখ: ০৫/০৯/২০২১
সভার সময়: বেলা ১১.০০ ঘটিকা
স্থান: সভাকক্ষ, সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা।
উপস্থিত কর্মচারীবৃন্দ: পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। সভায় কমিটির সদস্য সচিব বেগম মনিরা পারভীন জানান যে, সরকারি যানবাহন অধিদপ্তরের বার্ষিক শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার কার্যক্রম ১.৫ অনুযায়ী কর্মপরিবেশ উন্নয়ন ও মহামারী করোনাকালীন স্বাস্থ্য বিধি অনুসরণের লক্ষ্যে সকল শাখায় গৃহীত পদক্ষেপ এবং পরবর্তীতে করণীয় বিষয়ে তথ্য সংগ্রহ করা হয়েছে। স্বাস্থ্য সুরক্ষায় বিদ্যমান ও প্রস্তাবিত বিষয়সমূহ নিম্নরূপ :

ক্রমিক নং	স্বাস্থ্য সুরক্ষায় বিদ্যমান ব্যবস্থা	স্বাস্থ্য সুরক্ষায় প্রস্তাবিত ব্যবস্থা
১.	সড়ক পরিবহন শাখা ১. অটোমেটিক মেশিনের মাধ্যমে হ্যান্ড সেনিটাইজিং এর সুবিধা। ২. খাবারের পূর্বে এবং পরে হাত ধোয়ার জন্য লিকুইড হ্যান্ড ওয়াশ এর ব্যবস্থা আছে। ৩. টয়লেটগুলোর সামনে হাত ধোয়ার জন্য লিকুইড হ্যান্ড ওয়াশ এর ব্যবস্থা আছে। ৪. পুল ভবনের ছাদ ও রাস্তায় জমে থাকা পানি প্রতিদিন অপসারণ করা হচ্ছে। ৫. ৩ দিন পর পর ডেঙ্গু মশার লার্ভা নিধন ঔষধ ছিটানো হচ্ছে। ৬. ডেনগুলি পরিচ্ছন্ন কর্মী দিয়ে নিয়মিত পরিষ্কার করা হচ্ছে।	১. ডেঙ্গু প্রতিরোধে ফগার মেশিন ক্রয়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে। ২. ফগার মেশিন চালনার জন্য ২০ গ্রেডের ২(দুই) জন কর্মচারীকে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। ৩. সকলের মাস্ক ব্যবহার নিশ্চিত করণ। ৪. শারিরিক তাপমাত্রা মাপার জন্য থার্মাল স্ক্যানার এর ব্যবস্থাকরণ।





২.	নৌ পরিবহন শাখা	১. অফিসে ব্যবহৃত চেয়ার, টেবিল, কম্পিউটার সামগ্রী প্রতিদিন পরিষ্কার করা হচ্ছে। ২. টয়লেটগুলোর সামনে হাত ধোয়ার জন্য লিকুইড হ্যান্ড ওয়াশ এর ব্যবস্থা আছে। ৩. প্রতিদিন টয়লেট, পাপোশ, অফিস কক্ষ ও কোরিডোরসমূহ জীবানুনাশক দ্বারা পরিষ্কার করা হচ্ছে। ৪. মশা জন্ম নেওয়ার মত কোথাও কোন জমা পানি নেই। ৫. অফিস পরিষ্কার করার জন্য পর্যাপ্ত অডোর প্লাস মওজুদ আছে।	১. বিদ্যমান কার্যক্রম যথাযথভাবে পালিত হচ্ছে কি-না সে বিষয়ে তদারকি জোরদার করা। ২. জীবানুনাশক ও পরিষ্কার পরিচ্ছন্নতা সামগ্রী পর্যাপ্ত পরিমাণ মওজুদ রাখা। ৩. অফিসে রক্ষিত অপয়োজনীয় নথিপত্র এবং অকেজো অন্যান্য সামগ্রী অপসারণ করা। ৪. অটো মেশিনের মাধ্যমে হ্যান্ড সেনিটাইজিং এর সুবিধা। ৫. সকলের মাস্ক ব্যবহার নিশ্চিত করণ।
৩.	যানবাহন মেরামত কারখানা	১. হ্যান্ড সেনিটাইজিং পুশ যন্ত্র নষ্ট। ২. টয়লেটগুলোর সামনে হাত ধোয়ার জন্য লিকুইড হ্যান্ড ওয়াশ এর ব্যবস্থা আছে। ৩. প্রতিদিন টয়লেট, পাপোশ, অফিস কক্ষ ও কোরিডোরসমূহ জীবানুনাশক দ্বারা পরিষ্কার করা হচ্ছে। ৪. মশা জন্ম নেওয়ার মত কোথাও কোন জমা পানি নেই।	১. কারখানার সকল কর্মচারী ও দর্শনার্থীদের শারিরিক তাপমাত্রা মাপার জন্য থার্মাল স্ক্যানার এর ব্যবস্থাকরণ। ২. সকলের মাস্ক ব্যবহার নিশ্চিত করণ।
৪.	প্রশাসন শাখা	১. অটোমেটিক মেশিনের মাধ্যমে হ্যান্ড সেনিটাইজিং এর সুবিধা। ২. খাবারের পূর্বে এবং পরে হাত ধোয়ার জন্য বেসিনে সাবান/ হ্যান্ড ওয়াশ এর ব্যবস্থা।	১. অধিদপ্তরের সকল কর্মচারী ও দর্শনার্থীদের শারিরিক তাপমাত্রা মাপার জন্য থার্মাল স্ক্যানার এর ব্যবস্থাকরণ। ২. সকলের মাস্ক ব্যবহার নিশ্চিত করণ।
৫.	হিসাব শাখা	১. অটোমেটিক মেশিনের মাধ্যমে হ্যান্ড সেনিটাইজিং এর সুবিধা। ২. খাবারের পূর্বে এবং পরে হাত ধোয়ার জন্য বেসিনে সাবান/ হ্যান্ড ওয়াশ এর ব্যবস্থা।	১. শারিরিক তাপমাত্রা মাপার জন্য থার্মাল স্ক্যানার এর ব্যবস্থাকরণ। ২. টয়লেটগুলিতে হাত পরিষ্কারের জন্য পর্যাপ্ত হ্যান্ড ওয়াশের ব্যবস্থাকরণ। ৩. ফগার মেশিন এর মাধ্যমে নিয়মিত মশা নিধন। ৪. সকলের মাস্ক ব্যবহার নিশ্চিত করণ।

২। অধিদপ্তরের সকল শাখায় গৃহীত পদক্ষেপ এবং পরবর্তীতে করণীয় বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে কমিটি কর্তৃক স্বাস্থ্য সুরক্ষায় নিম্নরূপ সুপারিশ/ সিদ্ধান্ত গৃহীত হয় :


সুপারিশ/সিদ্ধান্ত :

১. শারিরিক তাপমাত্রা মাপার জন্য থার্মাল স্ক্যানার এর ব্যবস্থা করণ;



২. অধিদপ্তরের সকল কর্মকর্তা-কর্মচারী ও দর্শনার্থীদের সার্বক্ষণিক মাস্ক পরিধান নিশ্চিতকরণ;
৩. টয়লেটগুলিতে সাবান/ হ্যান্ডওয়াশ সরবরাহ নিশ্চিত করণ;
৪. ডেঙ্গু প্রতিরোধে ফগার মেশিন ক্রয়ের ব্যবস্থাকরণ;
৫. ফাগার মেশিন চালনার জন্য ২০ গ্রেডের ২(দুই) জন কর্মচারীকে প্রশিক্ষণের ব্যবস্থাকরণ ;
৬. বিদ্যমান কার্যক্রম যথাযথভাবে পালিত হচ্ছে কি-না সে বিষয়ে তদারকি জোড়দার করণ;
৭. জীবানুনাশক ও পরিষ্কার পরিচ্ছন্নতা সামগ্রী পর্যাপ্ত পরিমাণ মজুদ রাখা;
৮. অফিসে রক্ষিত অপ্রয়োজনীয় নথিপত্র এবং অন্যান্য সামগ্রী অপসারণ করা।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মনিরা পারভীন)

প্রশাসনিক কর্মকর্তা

ও

সদস্য সচিব

কর্মপরিবেশ উন্নয়ন সংক্রান্ত কমিটি।


04/02/2022


(মো: সাদ্দাম হোসেন)

সহকারী পরিচালক (নৌ)

ও

সদস্য

কর্মপরিবেশ উন্নয়ন সংক্রান্ত কমিটি।


(মো: আলমগী সরকার)

যানবাহন মেরামত কারখানা

ও

সদস্য

কর্মপরিবেশ উন্নয়ন সংক্রান্ত কমিটি।


04/02/2022

(মো: রেজাউল করিম)

সহকারী পরিচালক (সড়ক)

ও

সদস্য

কর্মপরিবেশ উন্নয়ন সংক্রান্ত কমিটি।



(মো: আজহারুল ইসলাম)

হিসাবরক্ষণ কর্মকর্তা

ও

সদস্য

কর্মপরিবেশ উন্নয়ন সংক্রান্ত কমিটি।


04/02/2022

(নাইমা পারভীন)

উপ সচিব (সংযুক্ত)

ও

সভাপতি

কর্মপরিবেশ উন্নয়ন সংক্রান্ত কমিটি।